শালার —হস্তীর নখ, সিঁড়ি, পাখীর খাঁচা, পিঞ্জর।

সালার —নাগদন্ত, ভিত্তিস্থ কীলক, ডাণ্ডা, গোঁজ।

মল্লার —ষট্‌রাগান্তর্গত দ্বিতীয় রাগ।

অসার —এরণ্ড বৃক্ষ, সার রহিত, স্থিরাংশ হীন, মহত্ত্ব রহিত, অপদার্থ, দুর্ব্বল, অপকৃষ্ট।

আসার—জলকণা, ধারাসম্পাত, বৃষ্টিপাত, অনুগতি, শত্রুকে বেষ্টন, প্রবেশ, সৈন্যের প্রসরণ।

ওসার —(দেং) পরিসর, প্রস্থ, চৌড়া।

কাসার—সরোবর,পদ্মযুক্ত বা পদ্মহীনজলাশয়, পুষ্করিণী

গ্রোসার—(ইং) মুদী, পসারি।

তুষার —নীহার, হিম, জলকণা, গুড়নিবৃষ্টি, বরফ, দেশ বিং, শৈত্য, শীতল, কুজ্ঝটিকাময়, কর্পূর বিং

তৌষার—নীহার, তুষার জল, শৈত্য।

নীশার —বায়ু ইত্যাদি নিবারক বস্ত্র—মশারি, পর্দ্দাদি।

নিঃসার—বলহীন, রসহীন, নিস্তেজ, নির্গম পথ।

প্রসার —ওসার, বিস্তার, প্রকরণ, নির্গমন, ইতস্ততঃ গমন, ভক্ষদ্রব্যাদি লুণ্ঠন, তৃণকাষ্ঠাদির প্রবেশ।

বিষার —সর্প, চক্ষুঃশ্রবা, উরগ, খল, বিষধর।

বিসার—মৎস্য, বিস্তার, প্রবাহ, বিসর্প।

মসার —ইন্দ্রনীল মণি, মণি বিং।

সুসার —[যাং] লক্ষ্মীবস্ত, উত্তম সারযুক্ত।

সংসার—জগৎ, মর্ত্ত্যলোক, মায়া জন্য বাসনা, পরিবার

সৎসার—কবি, চিত্রকর, বৃক্ষ বিং।

আহার—ভোজন, বহন, আহরণ, ভক্ষ্য বস্তু।

কাহার—[দেং] কার, যানবাহক জাতি বিং, বেহারা।

নীহার —হিম, বরফ, তুষার, কুজ্ঝটিকা।

প্রহার —মারণ, আঘাত, যুদ্ধ।

বাহার —[যাং] সৌন্দর্য্য, সৌষ্ঠব, বসন্ত কাল।

ব্যাহার—কথন, উক্তি, ভাষণ, জল্পন।

বিহার —[বীহার] ক্রীড়া, ভ্রমণ, বিহার স্থান, বিক্ষেপ, বৌদ্ধ দিগের মঠ, স্কন্ধ, পক্ষি বিং।

বেহার —স্বনাম প্রসিদ্ধ দেশ।
সহার —আম্র বৃক্ষ, মহাপ্রলয়।
সংহার —প্রলয়, ধ্বংস, বিনাশ, নরক বিং, সংগ্রহ, সঙ্কোচ, সংক্ষেপ, ভৈরব বিং, বধ।
নির্হার —বাহির করণ, অগ্নিদাহ, শল্যাদির উৎপাটন, শবদাহ, ঘর্ম্ম নিঃসরণ, সম্পত্তি, মলমূত্রাদিত্যাগ, নিঃসারণ, শবাদি বহির্নয়ন, দাহ, দূরস্থ সুগন্ধ।
কহ্লার —শ্বেতোৎপল, সুঁদি।

আর—অন্ত। (৪) চতুরক্ষর।

ফ্লাউয়ার্ —[ইং] ময়দা, আটা, গোধূম চূর্ণ।
আওয়ার্ —[ইং] ঘণ্টা, আমাদিগের।
ফ্লাওয়ার্ —[ইং] ফুল, পুষ্প।
ব্রেজিয়ার্ --[ইং] কাঁসারি।
আম্পায়ার্—(এম্পারার্) [ইং] রাজা, সম্রাট, নৃপতি।
শুমেকার্ —[ইং] জুতানির্ম্মেতা, চামার।
টাইগার্ —[ইং] ব্যাঘ্র, বাঘ।
রিংফিঙ্গার্—[ইং] অনামিকা, অঙ্গুলি বিং।
ছোলজার্ --[ইং] সেনা, সৈন্য।
ভিলেজার্ —[ইং] গ্রামবাসী, বাসেন্দা।
ওয়াটার্ --[ইং] জল, সলিল।
টুইটার —[ইং] চাতক, পক্ষি বিং।
রাইটার্ —[ইং] লেখক, কেরাণী।

ক্রেডিটার্ —[ইং] মহাজন, ঋণ দাতা।

জুপিটার্ —[ইং] বৃহস্পতি, গুরু।

র‍্যাফটার্ —[ইং] বরগা, তীর।

ওয়েচ্টার্ —[ইং] ঝিনুক।

ষ্টেপ্‌ডটার্—[ইং] সপত্নী কন্যা, সতীন ঝি।

উইন্টার্ —[ইং] শীতকাল।

ডে আফ্টার্-[ইং] আগামী পরশ্ব।

মিনিষ্টার্ —[ইং] সচীব, মন্ত্রী।

লবষ্টার্ —[ইং] বড় চিঙ্গড়ী মাছ।

স্পাইডার্ —[ইং] মাকড়সা।

পাউডার্ — [ইং] গুঁড়া, চূর্ণ।

ছোলডার্ —[ইং] স্কন্ধ, কাঁধ।

হুইদার্ —[ইং] কোনদিকে, কোথায়।

ষ্টেপ্‌ব্রাদার্-[ইং] বৈমাত্রেয় ভ্রাতা।

ষ্টেপ্‌মাদার্--[ইং] বিমাতা।

পার্টনার্ —[ইং] অংশীদার, বখ্‌রাদার।

গার্ডনার্ —[ইং] মালী, মালাকার।

লিমনার্ --[ইং] চিত্রকর।

ফরেনার্ —[ইং] বিদেশী।

লংপিপার্ —[ইং] পিঁপুল।

গ্র্যাচ্‌হপার্--[ইং] ফড়িঙ্গ, পতঙ্গ।

ছলফার্ —[ইং] গন্ধক।

বারবার্ —[ইং] নাপিত, ক্ষৌরকার।

উইভার্ —[ইং] তাঁতি, তন্তুবায়।

কাষ্টোমার্—[ইং] ক্রেতা, খরিদার।

লেবারার্—[ইং] মজুর, কুলী।

জুয়েলার্ —[ইং] জহুরী।

ব্যচিলার্—[ইং] অবিবাহিত পুরুষ।

ডিষ্টিলার্ —[ইং] শুঁড়ী, সুরা বিক্রেতা।

পেডলার্ —[ইং] ফেরিওয়ালা, ফড়িয়া।

কবলার্ —[ইং] মুচী, চামার।

সিমিলার্—[ইং] সদৃশ, তুল্য।

কিংফিসার্—[ইং] মাছরাঙ্গা।

হাতিয়ার —[দেং] অস্ত্র, যুদ্ধোপকরণ বিং।

হুশিয়ার --মনোযোগী, চতুর, বিজ্ঞ।

ক্রিয়াকার—নূতন ছাত্র, কর্ম্মকর্ত্তা।

দ্বিককার —কোক, কাক, (দুই ককারযুক্ত নাম)

একাকার —তুল্যাকৃতি, একাকৃতি, এক সমান।

ভক্ষকার —খাদ্যদ্রব্য কারক বা বিক্রেতা-ময়রা।

শঙ্খকার --শাঁখারি, শঙ্খ ব্যবসায়ী, বর্ণসঙ্কর জাতি বিং

অঙ্গীকার—প্রতিজ্ঞা, স্বীকার, সম্মতি, অভ্যুপগম।

আজকার—শিবের ষাঁড়, মহাদেবের বৃষ (দেং) অন্ধকার

পটকার --তাঁতি, চিত্রকর, পটুয়া।

চাটুকার —প্রিয়ভাষী, খোসামুদিয়া।

কাণ্ডকার--গুবাক, সুপারি।

অণ্ডাকার—অণ্ডাকৃতি, বাদামিয়া, ডিম্বাকার।

দ্যূতকার—পাশকাদি ক্রীড়ক, জুয়াড়ি।

প্রতিকার--[প্রতীকার] বৈরনির্য্যাতন, শত্রুতা সাধন, প্রতিফল, উপায়, চিকিৎসা, উপশম, পরিশোধ

প্রত্যাকার--খড়্গের খাপ, কোষ।

চিত্রকার—যে ছবি লেখে-পটুয়া, বর্ণসঙ্কর-জাতি বিং।

হন্তকার--অতিথিকে দেয় তণ্ডুল-কি ষোড়শ গ্রাস।

রথকার--রথ নির্ম্মাণ কর্ত্তা, ছুতার।

গ্রন্থকার—যে গ্রন্থ রচনা করে-গ্রন্থকর্ত্তা।

কদাকার—যাহার আকার অতি কদর্য্য-বিশ্রী, কুরূপ।

হ্রদাকার—অশনি, বজ্র, কুলিশ।

অদ্যকার—অদ্যতন, এই দিনের।

পদ্মকার—সূর্য্য, দিবাকর।

মদ্রকার--ক্ষেমঙ্কর, শুভকর, মঙ্গলকারক।

বন্দীকার—সিঁদেল চোর, বন্দিগ্রাহ।

অধিকার—[অধীকার] স্বামিত্ব, স্বত্ব, শাসন, উদ্দেশ, আরম্ভ, বশীভূত স্থানাদি, পদ, আয়ত্ততা, রাজাদের ছত্রচামরাদিধারণ, স্বীকার, নিয়োগ, প্রকরণ, পূর্ব্ব সূত্রস্থ পদের পর সূত্রে উপস্থিতি।

স্বাধিকার—নিজ অধিকার, নিজ কর্ত্তব্য।

অন্ধকার—তিমির, তমঃ, প্রকাশাভাব।

গণকার —ভীমসেন, গণক।
গুণকার —উপকারক, উপকারী, সংখ্যা বৃদ্ধি, ভীমসেন
মণিকার —মণি পরীক্ষক, জহরী, ন্যায় গ্রন্থকার বিং।
অনুকার —প্রতিরূপকরণ, নকল করা, তুল্যতা।
চূর্ণকার —যে চূণের ব্যবসা করে=চূণারী।
পর্ণকার —বারুই।
স্বর্ণকার —[হেমকার] সেকরা জাতি।
কর্ণিকার —বৃক্ষ বিং, পুষ্প বিং।
অপকার —শত্রুতা, অনিষ্ট, হানি, ক্ষতি, অত্যাচার।
উপকার —অনুগ্রহ, আনুকুল্য, সাহায্য, ফল, প্রয়োজন, উপকৃতি, উপকরণ, সুবিধা, প্রস্ফুটিতপুষ্পাদি
শূপকার —শূদ্রের পাচক—রন্ধন কর্ত্তা।
সূপকার —পাচক, রন্ধনকারী।
বিপ্রকার —অপকার, অনিষ্ট, উপদ্রব, তিরস্কার, ভৎর্সনা
শিল্পকার —শিল্পী, কারিকর, মিস্ত্রী।
অবিকার —বিকৃতি শূন্য, প্রকৃত, ঠিক, অবিকল।
নির্ব্বিকার —বিকার শূন্য, অবিকৃত।
কুম্ভকার —জাতি বিং, কুমার, কুক্কুভ পাখী।
কামকার —যথেচ্ছাচার, ইচ্ছার গতি।
কিমাকার —কি আকারের, কিরূপ, অসাধারণ, ভয়ঙ্কর।
তাম্রকার —কাঁসারী।
কর্ম্মকার —ভৃত্য, লোহকার, কামার, বৃষ।

চর্ম্মকার —চামার, মুচি।
দরকার —(যাং) প্রয়োজন, আবশ্যকতা।
সরকার —(যাং) সংসার, কার্য্যকারক।
নিরাকার—আকাশ, ব্রহ্মা, বিষ্ণু, শিব, পরমেশ্বর,স্বর্গ,
তিরস্কার, আকার শূন্য, নিরবয়ব, অমূর্ত্ত।
তৈলকার —তেলি, কলু।
মূলকার —মূল গ্রন্থকর্ত্তা, বানিকারক।
মালাকার—জাতি বিং, মাল্যকার, পুষ্পজীবী।
কলিকার —ধূন্যাট পক্ষী,পীত মস্তক পক্ষী,পূতিকরঞ্জ।
খলীকার —অনিষ্ট, মন্দ, ক্ষতি, অপকার, বিপদ।
কোশকার—(কোষকার) গুটিপোকা,ইক্ষু, অভিধান কর্ত্তা
কংসকার —কাংস্যবণিক্, কাঁসারী।
অস্বীকার —অনঙ্গীকার, গ্রহণ না করা।
কাংস্যকার-যে কাংস্য ধাতু নির্ম্মাণ করে=কাঁসারী।
ভাষ্যকার—পাতঞ্জলি মুনি, মহাভাষ্য টীকা লেখক।
ভস্মকার —রজক, ধোপা।
লোহকার—(লৌহকার) কর্ম্মকার, কামার।
সহকার —আম্র বৃক্ষ, আম্রপল্লব,সহায়তা,সাহায্য।
হাহাকার—শোক ধ্বনি, কাতরতা জন্য কলরব।
ভক্ষঙ্কার —খাদ্যদ্রব্য কারক বা বিক্রেতা=ময়রা।
সত্যঙ্কার —কার্য্যার্থে পর হস্তে দীয়মান বস্তু বা ব্যক্তি,
বায়না, 'অবশ্য করিব বলিয়া' স্বীকার।

অলঙ্কার —ভূষণ, আভরণ, ভূষিতকরণ, উপমা-রূপক-প্রভৃতি, শব্দ ও অর্থের ভূষণ, গহনা।

অহঙ্কার —আপনাকে বড় জ্ঞান করা, গর্ব্ব।

সাহঙ্কার —অহঙ্কৃত, গর্ব্বিত, দাম্ভিক।

বষট্‌কার —দেবোদ্দেশে অগ্নিতে আহুতি প্রদান, হোম

শকৃৎকার —মলত্যাগ কারক।

সাক্ষাৎকার-প্রত্যক্ষ করা, দেখা করা।

গণৎকার —(দেং) জ্যোতির্ব্বেত্তা, দৈবজ্ঞ, গণক।

ঝণৎকার —তৈজসাদিতে আঘাত জনিত শব্দ।

চমৎকার —আশ্চর্য্য, বিস্ময়, চিত্তবিস্তার, আপাংগাছ।

বলাৎকার—জোর করা, দণ্ড দান, প্রভব, দৌরাত্ম্য, বল পূর্ব্বক স্ত্রীলোকের সতীত্ব হরণ।

অয়স্কার —কামার, লৌহকার।

মনস্কার —মনের মধ্যে সুখ দুঃখাদি বোধ, চিত্তভোগ

উপস্কার —ব্যঞ্জনের মসলা, অপবাদ, তিরস্কার।

আবিষ্কার—নূতন প্রকাশ, ব্যক্ত করা, পরিতাপ।

সাবিষ্কার —অহঙ্কারী, গর্ব্বিত।

নমস্কার —প্রণাম, নতি করণ, বিম বিং।

তিরস্কার —অনাদর, অবজ্ঞা, গোপন, আচ্ছাদন, কঞ্চুক।

পুরস্কার —সাধুবাদ, সম্মান, পূজা, আদর, প্রতিফল, পারিতোষিক, অভিশাপ, অরিগ্রহণ, স্বীকার, বহুমান, প্রথমে বা সম্মুখে করা, আক্রমণ।

পরিষ্কার —[পরিষ্কার] নির্ম্মলতা, সজ্জা, ভূষণ, শোভা, অলঙ্কার, সংস্কার, শুদ্ধি, স্পষ্ট, স্বচ্ছ।
কুসংস্কার —বিপরীত সংস্কার।
ছারখার —(দেং) ভস্মসাৎ, সর্ব্বনাশ, উচ্ছিন্ন, বিনষ্ট।
যবক্ষার —ক্ষার বিং, সোরা।
পলঙ্কার —রক্ত, শোণিত।
ব্রীহ্যাগার—ধান্যগৃহ, কুসূল।
কূটাগার —প্রাসাদের উপরিস্থ গৃহ, স্ত্রীদের ক্রীড়াগৃহ।
মুক্তাগার —যে শুক্তিতে মুক্তা উৎপন্ন হয়, ঝিনুক, শুক্তি
অস্ত্রাগার —যে গৃহে অস্ত্র থাকে।
অনগার —তপস্বী, ঈশ্বরোপাসক, নিরালয়, গৃহ শূন্য।
অগ্ন্যাগার —অগ্নি শরণ, যজ্ঞ মন্দির।
গুনাগার —[গুনাহগার] (যাং) মূল্য দণ্ড, লোকসান।
গর্ভাগার —বাস গৃহ, অন্তর্গৃহ, প্রসব গৃহ, আঁতুড়।
কারাগার —বন্ধনস্থান, বন্ধনালয়।
কুলাঙ্গার —যে কুল মলিন করে=কুপুত্র।
অভিঘার —হোম, হবনীয় দ্রব্য, ঘৃত, সেচন।
সুখচার —উৎকৃষ্ট অশ্ব, সুন্দর ঘোটক।
যোগাচার—বৌদ্ধ পণ্ডিত বিং।
শিষ্টাচার —ভদ্রতা, সাধু ব্যবহার।
অতিচার —গ্রহগণের রাশ্যান্তরে গমন, অতিশয় গমন।
শিতিচার —সুষুণী শাক।

অত্যাচার —অনুচিত আচরণ, কুব্যবহার, আচার ভ্রষ্ট
কদাচার —কুৎসিত আচরণ, কদাচারী, আচার ভ্রষ্ট
সদাচার —উত্তমাচার, সাধুর আচার, সদ্ব্যবহার।
দধিচার —দধিমন্থন দণ্ড, ঘোল মওয়া যষ্টি।
অনাচার —অশুচি, কদাচার, আচরণহীন।
জনাচার —[লোকাচার] সদাচার, সভ্যজনোচিতাচার
অপচার —স্বধর্ম্ম ব্যতিক্রম, অহিতাচরণ, অজীর্ণরোগ
উপচার —রোগ প্রতীকার, সেবা, সম্মান, উপকরণ. ছল, উপক্রম. উৎকোচ. আরোপ, ব্যবহার
গোপ্রচার—যে স্থানে গরু চরে=গোচর।
অবিচার —অন্যায় বিচার, অত্যাচার।
সুবিচার —সূক্ষ্ম বিচার, উত্তমরূপে মীমাংসা।
অভিচার —পরহিংসা, হিংসাকর্ম্ম, মারণ, উচ্চাটন, মোহন, স্তম্ভন, বিদ্বেষণ, বশীকরণ, উপপাতক বিং।
ব্যভিচার—কুক্রিয়া, কদাচার. স্খলন, অতিব্যাপ্তি, অব্যাপ্তি
কামচার —যথেচ্ছাচার, আপন. ইচ্ছায় চলা।
বামাচার —তন্ত্রশাস্ত্রোক্তমাংসাদিসেবনরূপ আচারবিং
সমাচার —উত্তম আচরণ। (দেং) সংবাদ, খবর।
দুরাচার —বিরুদ্ধাচার, কুব্যবহার, কুনীতি, দুর্ব্বৃত্ত।
নিরাচার—অনাচার, আচার ভ্রষ্ট।
কুলাচার —কুলধর্ম্ম, কুলের নিয়মানুযায়ী কর্ম্ম।
দেশাচার —দেশের রীতি, দেশ ব্যবহার।

পশ্বাচার —তন্ত্র বিরুদ্ধ আচার, উপবাস পূর্ব্বক হোমাদি-সৎকর্ম্মানুষ্ঠান, পশুর আচার।

সমুচ্চার —সম্যক্ উচ্চারণ, পরিত্যাগ।

দুরুচ্চার --যাহা উচ্চারণের অযোগ্য=অশ্লীল।

সহস্রার --তন্ত্রোক্ত শিরোমধ্যস্থ সুষুম্না নাড়ী স্থিত সহস্রদল পদ্ম-যাহাতে পরমাত্মা অবস্থিত

অগ্নিজার —ঔষধি বৃক্ষ বিং।

গোলজার —(যাং) সুশোভিত করণ।

শকটার —নন্দ রাজার মন্ত্রী।

কৃষ্ণতার —হরিণ, কুরঙ্গ।

অবতার —উৎপত্তি, আরোহণ, নামা, তীর্থ, ঘাট, স্বর্গাদি হইতে মর্ত্ত্যে দেবাদির আবির্ভাব, যেমন বিষ্ণুর দশ অবতার—মৎস্য-কুর্ম্ম-বরাহ-নৃসিংহ-বামন-পরশুরাম-রাম চন্দ্র-শ্রীকৃষ্ণ বা বলরাম-বুদ্ধ-কল্কী=১০।

হেমতার --তুথ, তুঁতিয়া।

অবস্তার —যবনিকা, পর্দ্দা, আস্তরণ।

সভাস্তার --সভ্য, সামাজিক, বিজ্ঞ, সভাসদ।

হকদার —(যাং) প্রকৃত অধিকারী, মালিক।

চৌকিদার—(যাং) প্রহরী, নগরপাল।

কৃতদার —যে ব্যক্তি দারপরিগ্রহ করিয়াছে-বিবাহিত

দেনাদার --[দেনদার] (যাং) ঋণী, খাতক।

অনুদার —অসাধু, অসৎ, ক্ষুদ্র, নীচাশয়, সস্ত্রীক।
তল্পিদার —(দেং) ভারবাহী, ভারী।
দফাদার —(যাং) সরদার, কুলীর সরদার।
কোবিদার—রক্তকাঞ্চন, মন্দার, পারিজাত।
জমাদার —(যাং) প্রধান রক্ষক।
জমীদার —(যাং) ভূম্যধিকারী, ভূস্বামী।
পরদার —পরস্ত্রী, পর ভার্য্যা। (দেং) মৈথুন।
ডিহিদার —(যাং) গ্রাম্য মণ্ডল স্বরূপ কর্ম্মচারী।
পক্ষদ্বার —পার্শ্ব দ্বার, খিড়কী দ্বার।
নবদ্বার —২কর্ণ-২চক্ষু-২নাসা-মুখ-পায়ু-উপস্থ=৯, দেহ
পুরদ্বার —নগর দ্বার, গোপুর, সদর দরজা।
হরিদ্বার —বৈকুণ্ঠ যাইবার পথ, হিমালয় প্রস্থস্থ নগর, গঙ্গার উৎপত্তিস্থান, তীর্থ বিং।
সিংহদ্বার—সিংহ মূর্ত্তি চিহ্ন-প্রবেশ দ্বার, সিংহ দরজা।
শকৃদ্দ্বার —মলদ্বার, অপান দেশ, গুদ, পায়ু।
অন্তর্দ্বার —গৃহের অভ্যন্তর দ্বার, খিড়কি।
শিখাধার—ময়ূর, শিখী, বর্হি।
সুখাধার —স্বর্গ, সুখের স্থান।
শতধার —বজ্র, অশনি, শত ধারা বিশিষ্ট।
ছত্রধার —যে ছাতি ধারণ করে=ছাতিধরা।
সূত্রধার —নাট্য প্রস্তাবক, প্রধান নট, ইন্দ্র, ছুতার।
রক্তাধার —গাত্রাবরক চর্ম্ম, ত্বক্।

সুধাধার —চন্দ্র।
কর্ণধার —নাবিক, কাণ্ডারি, মাজি, মন্ত্রদাতা গুরু।
জীবাধার —জগৎ, বিশ্ব, ব্রহ্মাণ্ড, দেহ, হৃদয়।
দ্রবাধার —চুলুক, আখা, উনান।
যমধার —উভয় পার্শ্বে ধারযুক্ত অস্ত্রাদি.কিরীচাদি।
ক্ষুরধার —নরক বিশেষ, অস্ত্রাদির ধারবিং।
নিরাধার —আধার শূন্য, আশ্রয় রহিত, নিরালম্ব।
জলাধার —জলাশয়, সমুদ্র, জলপাত্র, জলস্থিত।
তুলাধার —বাণিজ্যকারী,তুলারাশি,কিরণ,তুলাদণ্ডরজ্জু
মূলাধার —গুহ্য ও লিঙ্গের দুই অঙ্গুলি স্থান, নিদান।
রসাধার —রসের আধার, দিবাকর, সূর্য্য।
অসিধার —অস্ত্র মার্জ্জন,শিকলকার, যে অস্ত্র ধারদেয়
আসিধার —যুবা ও যুবতীর একত্র অবস্থান রূপ ব্রত।
মস্যাধার —দোয়াত, মসিধান।
গ্রহাধার —ধ্রুব তারা, তারা।
বহুধার —অশনি, বজ্র, কুলিশ।
পঙ্কোদ্ধার—পঙ্ক উত্তোলন ক্র, গোলমাল পরিষ্কার।
কোট্যুদ্ধার—(দেং) মীমাংসা, সিদ্ধান্ত, প্রতিজ্ঞা পালন।
জীর্ণোদ্ধার—জীর্ণ সংস্কার, মেরামত।
পরুদ্ধার —অশ্ব, ঘোটক, তুরগ।
বৈরোদ্ধার—বৈরনির্য্যাতন, বৈরশুদ্ধি।
শল্যোদ্ধার—অস্থি ও বাণাদি উৎপাটন।

অকূপার —কূর্ম্ম রাজ, পর্ব্বত, পাষাণ, সমুদ্র।
পারাপার —(পারাবার) সমুদ্র, নদ্যাদির তটদ্বয়।
আড়পার —নদীর অপর তট।
রায়বার —(যাং) দরবারে প্রধান, সভায় বক্তৃতা।
শুক্রবার —শুক্রগ্রহের ভোগ্য দিন, সপ্তাহের ৫ম দিন
মাস্কাবার —(যাং) মাসিক আয় ব্যয়ের হিসাব,মাসশেষ
এতবার —(যাং) রবিবার।
ইন্দিবার —[ইন্দীবার] নীলপদ্ম, নীলোৎপল।
সিন্দুবার —নিসিন্দা গাছ।
বুধবার —বুধগ্রহের বাসর, সপ্তাহের চতুর্থ দিবস।
মধুবার —অবিশ্রান্ত মদ্যপান।
স্কন্ধাবার —সেনা বিং, তাম্বু, রাজধানী, কটক।
সিন্ধুবার —নিসিন্দা গাছ, সিন্ধুদেশীয় অশ্ব,ক্ষুদ্রবৃক্ষ বিং
বাণবার —[তনুবার] বর্ম্ম, সাঁজোয়া, কবচ।
অনিবার —অনিবার্য্য, অবিরত, সর্ব্বদা।
শনিবার —শনিভোগ্য বাসর দিন, বার বিং।
অনুবার —বার ২, পুনঃ পুনঃ।
দুর্নিবার —যাহা বহু কষ্টে নিবারণ করা যায়, অদম্য।
সোমবার —চন্দ্রের বাসর, সপ্তাহের দ্বিতীয় দিন।
কারবার —(যাং) ব্যবসায়, কর্ম্ম।
তরবার —[তলবার] খড়্গ, তরওয়াল, অসি, কৃপাণ।
দরবার —(যাং) বিচার স্থান।

পরিবার —[পরীবার] স্বজন, স্ত্রী পুত্রাদি, পরিজন, খড়্গের খাপ, পরিচ্ছদ, আকার।

কুলবার —মঙ্গল ও শুক্রবার।

বেশবার —[বেসবার] হিঙ্গু, আদ্র্ক, মরীচ, জীরক, ধন্যাক, হরিদ্রা, বাট্না, ব্যঞ্জন বিং।

বেশ্যাবার—বেশ্যা সমূহ, বেশ্যা গণ।

অশ্ববার —অশ্বারোহী, ঘোড় সওয়ার।

বাহুবার —বৃক্ষ বিং, শ্লেষ্মা নাশক বৃক্ষ।

উদভার —মেঘ, জল বাহক।

হয়মার —করবীর বৃক্ষ।

সুকুমার —অতি মৃদু-বালক, ইক্ষু-শস্য বিং, চাঁপাফুল।

পঞ্চমার —বলদেবের পুত্র।

গন্ধমার —নাগদোনা গাছ, তিক্তরস দ্রব্য বিং।

ধুন্ধুমার —নৃপ, ইন্দ্রগোপকীট, কোলাহল, ঝুল, ধূম, জেঠী

বেশুমার —(যাং) সংখ্যা রহিত, অসংখ্য।

শিশুমার —জল জন্তু বিং, তারকচক্র বিং, শুশুক।

অহিমার —অহিলতা, নাগবল্লী লতা।

একরার —(যাং) প্রতিজ্ঞা, কবুল।

তকরার —(যাং) অনুবাদ, পুনরুক্তি, হুজ্জৎ।

ত্বকসার —বংশ, বাঁশ, দারুচিনী, তেজপাতা, শোণবৃক্ষ

করম্ভসার —দধি মিশ্রিত শক্তু।

ইক্ষুসার —এক্ষো গুড়, খাঁড়, চিনী।

যোগসার — সর্ব্বরোগ নাশক অমোঘ উপায়।

অগ্রসার —অগ্রগামী, অগ্রগ, পুরঃসর।

পিঙ্গসার —হরিতাল।

যজ্ঞসার —যজ্ঞ ডুম্বুর গাছ।

মেঘসার —কর্পূর বিং।

ত্বচিসার —বংশ, বাঁশ, দারুচিনি, নারিকেল, তাল, গুবাক

মজ্জাসার —[জাতিসার] জায়ফল, জাতিফল।

জ্ঞাতসার —যে সার জানিয়াছে, সুগোচর।

পীতসার —গোমেধক মণি, চন্দন, চন্দন বৃক্ষ, অক্ষোট বৃক্ষ, বীজক বৃক্ষ, হরিচন্দন, তুরুষ্ক।

সিতসার —শালিঞ্চ শাক।

শ্বেতসার —খদির বৃক্ষ, আঠাল তরল পদার্থ বিং।

অতিসার —[অতীসার, সাতিসার] উদরাময়, পেটেরপীড়া

প্রত্যাসার-সৈন্যপৃষ্ঠ, সৈন্যব্যূহেরপশ্চাদ্‌ভাগ, ব্যূহপার্ষ্ণি

আত্মসার —স্বার্থপর।

তিক্তসার —খদির, খয়ের।

রক্তসার —রক্তচন্দন, রক্তখদির, অম্ল বেতস।

তন্তুসার —যে সকল বৃক্ষের মজ্জা তন্তুবিশিষ্ট, সুপারি গাছ, অতি সরু, অতি ক্ষীণ, সুতামাত্র শেষ

আপ্তসার —আত্মরক্ষণ, স্বীয় দেহ পালন।

অস্থিসার —অস্থিজাত মজ্জা, রক্তমাংস শূন্য, হাড়সার।

মদসার —মদ্যের সার, তুল বৃক্ষ।

অদ্রিসার —লৌহ, লোহা।
অব্দসার —কর্পূর বিং।
দধিসার —[ক্ষীরসার] ননী, মাখন।
যুদ্ধসার —অশ্ব, ঘোটক, বাজী।
গন্ধসার — চন্দন বৃক্ষ, চন্দন।
ঘনসার —কর্পূর, পারদ, জল, বৃক্ষ বিং।
অনুসার —অনুকরণ, ব্যবহার, রীতি নীতি, প্রথা।
রেণুসার —কর্পূর।
অগ্নিসার —চক্ষুর ঔষধ, অঞ্জন।
কৃষ্ণশার —(কৃষ্ণসার, কালসার) হরিণ বিং।
অপসার —নির্গম পথ, দুর্গাদির নির্গম দ্বার, পলায়ন।
উপশার —প্রহরী প্রভৃতির পর্য্যায় ক্রমে শয়ন।
পুষ্পসার —ফুলের মধু, মকরন্দ।
দিব্যসার —বৃক্ষ বিং, শালবৃক্ষ।
পূর্ব্বসার —অগ্রগামী, অগ্রসর।
অভিসার —যুদ্ধ, বল, অনুচর, সাধন, কান্তার্থে সঙ্কেত স্থানে গমন। (নাগরী দেখ)
অন্তঃসার —মুক্তা, মতি।
হেমসার —তুঁতিয়া।
তাম্রসার —রক্তচন্দন বৃক্ষ, রক্ত চন্দন।
গিরিসার —মলয় পর্ব্বত, টিন, লৌহ।
পরীসার —ইতস্ততঃ ভ্রমণ, নিকটে আগমন।

তরুসার —কর্পূর।

দারুসার —যে কাষ্ঠের মধ্যে শ্রেষ্ঠ-চন্দন কাষ্ঠ।

ষোড়শার --ষোড়শ দল পদ্ম।

শালসার —শ্রেষ্ঠ বৃক্ষ, হিঙ্গু, হিং।

শিলাসার --[অশ্মসার] লৌহ, লোহা, অয়ঃ।

তুষসার —অগ্নি, হুতাশন।

মাংসসার--ভুঁড়ি, মেদ।

বিশ্বসার —তন্ত্রশাস্ত্র বিং, ব্রহ্মাণ্ডের সার পদার্থ।

দেহসার --মজ্জা, অস্থি ও মাংসের মধ্যস্থ স্নেহ বিং।

বহুসার --খদির বৃক্ষ।

অপস্মার —মৃগী রোগ, অঙ্গ বিকৃতি।

লেখহার --পত্র বাহক, লেখহারক।

ভাগহার --অঙ্ক বিং, ভাগের নিয়ম।

অঙ্গহার —অঙ্গচালন, নৃত্যাদি কালে অঙ্গ ভঙ্গী।

এজেহার --[এজহার] (যাং) প্রকাশ ক্র, দর্শান।

পর্য্যাহার —একস্থান হইতে অন্যত্রনয়ন, বোঝা, মোট, খড়ের গাদি দেওয়া, যোঁয়ালিতে বদ্ধ ক্র।

দৃতিহার —ভিস্তীওয়ালা।

প্রতিহার --[প্রতীহার] দ্বার, দৌবারিক, দ্বারপাল, পরিহার, বাজীকর, মায়া, শঠতা।

প্রাতিহার—বাজীকর, কুহক, মায়াবী।

ব্যতিহার --[ব্যতীহার] গালাগালি, পরিবর্ত্ত, মারামারি।

প্রত্যাহার—ফিরাইয়া আনয়ন, প্রত্যাহরণ, একদ্রব্যের সহিত অন্যদ্রব্যের পরিবর্ত্তন,সংজ্ঞা বিং।

ইস্তাহার —(যাং) ঘোষণা পত্র, প্রচার।

উদহার —মেঘ, জল বাহক।

উদাহার —দৃষ্টান্ত, নিদর্শন, বর্ণন, উল্লেখ, কথা প্রসঙ্গ

চন্দ্রহার —(দেং) নিতম্বের অলঙ্কার বিং, কাঞ্চী।

অধ্যাহার —উহ্য করা, তর্ক, অস্পষ্ট শব্দের স্পষ্ট ক্র।

অর্দ্ধহার —চৌষট্টি নর হার।

অনাহার —অনশন, উপবাস।

অনুহার —অনুকার, সদৃশ ক্র, উপমা।

অপহার —ক্ষতি, চুরি যাওয়া, সংগোপন, নিহ্নব।

উপহার —উপঢৌকন, ভেট, সমর্পণ।

সম্প্রহার —যুদ্ধ, সম্যক্ প্রহার, হনন, গমন।

অবহার —হাঙ্গর,জলহস্তী,চোর,যুদ্ধাদির বিশ্রাম,ভেট, নিমন্ত্রণ, স্বধর্ম্ম ত্যাগে অন্য ধর্ম্ম গ্রহণ।

ব্যবহার —ঋণ দানাদি ১৮ প্রকার বিবাদ, মোকদ্দমা, আচরণ, ব্যবসায়, চুক্তি,প্রথা, রীতি, কার্য্য

সর্ব্বহার —সর্ব্বস্ব ক্রোক করা।

অভিহার —চৌর্য্য, সাহস, ডাকাইতি, আক্রমণ,পৌনঃ পুণ্য, অভিযোগ, বর্ম্মাদি ধারণ।

অভ্যাহার—অভি গ্রহণ,লুঠ,ডাকাইতি,চৌর্য্য,ভোজন।

সমাহার —সঙ্ক্ষেপ,মিলন, সংগ্রহ,শব্দ যোজনা।

নিরাহার --আহার রহিত, উপবাসী, ভোজনাভাব ।
পরিহার —[পরীহার] অবজ্ঞা,পরিত্যাগ,আক্রমণ, দান
উরুহার —উরঃসূত্র, কণ্ঠ মালা ।
বৃষাহার —বিড়াল, মার্জ্জার ।

আর—অন্ত । (৫) পঞ্চাক্ষর ।

বোম্বেডিয়ার্—[ইং] জল পথে ডাকাইতি,গোলন্দাজ ।
উইডোয়ার্ —[ইং] মৃতদার ।
উডপেকার্ —[ইং] কাঠ্ঠোকরা ।
ফোরফিংগার্—[ইং] তর্জ্জনী, অঙ্গুলি বিং ।
লিটল্ফিংগার্--[ইং] কনিষ্ঠাঙ্গুলি ।
ছিগনেচার্ —[ইং] সহি, দস্তখত ।
লিটারেচার্ —[ইং] সাহিত্য ।
ড্রাইজিঞ্জার্ --[ইং] শুঁঠ, শুকনা আদা ।
আর্বিট্রেটার্—[ইং] সালিশ, মধ্যস্থ ।
কমেণ্টেটার্ —[ইং] টীকাকার ।
সল্টপিটার্ —[ইং] সোরা ।
কারপেণ্টার্ —[ইং] ছুতার, মিস্ত্রী ।
অ্যানছেষ্টার্ —[ইং] পূর্ব্ব পুরুষ ।
অ্যাম্ব্যাছাডার্-[ইং] রাজদূত ।
গ্রাণ্ডফাদার্ —[ইং] পিতামহ, বাপের বাপ ।
গ্রাণ্ডমাদার্ —[ইং] মাতামহ, মায়ের বাপ ।
বেডচেম্বার্ —[ইং] শয়ন ঘর ।

শপকিপার্ —[ইং] দোকান দার, মুদি।
ব্ল্যাকপিপার্—[ইং] গোল মরিচ।
নোটপেপার্—[ইং] চিঠীর কাগজ।
কম্পাইলার্—[ইং] সংগ্রহকার।
সিমিলার্ —[ইং] অসমান।
সময়কার —সঙ্কেত, পরিভাষা।
পঞ্জিকাকার—পঞ্জিকারক, তিথিবারাদিনির্ণায়ক গ্রন্থকর্ত্তা
পাদুকাকার—চর্ম্মকার, পাদুকা নির্ম্মাতা।
উপাক্ষকার—চস্‌মা প্রস্তুত কারী।
অপ্রতিকার—অপ্রতিবিধান, নিবারণ না করা, নিরুপায়
অনধিকার —স্বত্ব হীনতা, যাহাতে অধিকার নাই।
ধর্ম্মাধিকার —সদাসদ্ বিচারের অধিকার।
সুবর্ণকার —স্বর্ণকার, সেকরা।
কৃতাপকার —অপকারী, অপকৃত, দোষী।
প্রত্যপকার—উপকারীর অপকার করা।
প্রাত্যুপকার—কৃতজ্ঞতা, উপকারীর উপকার করা।
অনপকার —ক্ষতি শূন্যতা, দ্বেষ-ঈর্ষাহীনতা।
সমবকার —নাটক বিং।
অন্নবিকার —শুক্র, বিষ্ঠা, মল।
রোমবিকার—রোম ভঙ্গি, রোমাঞ্চ, রোমবিক্রিয়া।
তমোবিকার—পীড়া, রোগ, ব্যাধি।
পঞ্চমকার —মৎস্য-মাংস-মদ্য-মুদ্রা-মৈথুন=এই ৫।

পুরুষকার —পৌরুষ, উৎসাহ, চেষ্টা।

পত্রঝঙ্কার —পত্র সংস্কার, বেগ, স্রোত, রায়ভাটি, আওড়

ধনুষ্টঙ্কার —জ্যাস্ফালনশব্দ, রোগ বিং, অঙ্গগ্রহ।

অগদঙ্কার —বৈদ্য, চিকিৎসক, ডাক্তার।

উপানৎকার—জুতা প্রস্তুত কারী।

অপরিষ্কার—আবুড়া খাবুড়া, নোংরা, অশুদ্ধ।

অঙ্গসংস্কার—চন্দনাদি লেপন, শরীর মার্জ্জন।

পত্রসংস্কার—স্রোত, প্রবাহ।

অগ্নিসংস্কার—সৎকার, দাহ, শবদাহন।

জীর্ণসংস্কার—মেরামত, ভাঙ্গা সারা।

কনকক্ষার —সোহাগা।

সম্বলক্ষার —মনঃশিলা।

কণ্টকাগার—শরট, শল্লকী, সজারু।

সূতিকাগার—প্রসব গৃহ, অরিষ্ট, আঁতুড় ঘর।

পুস্তকাগার—পুস্তকালয়, লাইব্রেরী।

আয়ুধাগার—অস্ত্র গৃহ, যে গৃহে অস্ত্র থাকে।

যথেচ্ছাচার—স্বেচ্ছাচার, আপনার ইচ্ছা মত কার্য্য করা

সিদ্ধান্তাচার—তান্ত্রিক আচার বিং।

সমুদাচার —শিষ্টাচার, সম্যক্ আচার, আশয়, অভিপ্রায়

অসদাচার —দুষ্টাচারী।

কৌমুদীচার—কোজাগরী পূর্ণিমা।

দুরপচার —দুরপ্রসন্ন, যাহাকে কষ্টে অপ্রসন্ন করা যায়

দুর্গসঞ্চার —সেতু, সাঁকো, সংক্রম্য।
ভূতসঞ্চার —ভূতাবেশ, ভূতে পাওয়া।
এজ্জতাছার—(যাং) সম্মান বিশিষ্ট।
গন্ধমার্জ্জার —খট্টাস, খাটাস।
শ্বাসকুঠার —শ্বাস রোগের ঔষধ বিং।
অঙ্গুলিঠার —(দেং) ইঙ্গিত, ইশারা।
অগ্ন্যবতার —অতি কোপান্বিত, শীঘ্র ক্রোধী।
পূর্ণাবতার —ভগবানের অবতার বিং-রাম-কৃষ্ণাদি।
সমবতার —তীর্থ,ঘাট,সিঁড়ি,ধাপ, অবতরণ,পুণ্যভূমি
ধর্ম্মাবতার —ধর্ম্মের অবতার,মূর্ত্তিমান্ ধর্ম্ম, বিচারকর্ত্তা
দশাবতার —বিষ্ণু, মৎস্য-কূর্ম্ম-বরাহ-নৃসিংহ-বামন-
পরশুরাম-রামচন্দ্র-বুদ্ধ-শ্রীকৃষ্ণ বা বল-
রাম-কল্কী=১০, সত্য-ত্রেতা-দ্বাপর-কলি।
জলকান্তার —বরুণ, জলাধিপতি।
ধূলিকেদার—বপ্র, প্রাকার, ক্ষেত্র।
অকৃতদার —অবিবাহিত পুরুষ।
পত্তনিদার —(যাং) যে ব্যক্তি পত্তনী রাখে।
মজুমদার —উপাধি বিং।
ইজারাদার —(ইজারদার)(যাং)যে ব্যক্তি ইজারা রাখে
হাবিলদার —(যাং) সৈন্যের প্রধান।
রেসালদার —[রিশলদার](যাং)পল্টনাধ্যক্ষ,রেছালাধ্যক্ষ
সহস্রধার —বিষ্ণুর চক্র, সুদর্শন চক্র।

জগদাধার—কাল, বায়ু, জগতের আশ্রয়।

অকর্ণধার—হাল ধরিবার অযোগ্য, অজ্ঞমাঝী।

পল্লবাধার—বৃক্ষের ডাল, শাখা।

সংকাঞ্চনার--রক্ত কাঞ্চন বৃক্ষ।

অবারপার—সমুদ্র, পারাবার।

সালকাবার—[যাং] বৎসর শেষ, তৎ হিসাব।

মাসকাবার—[যাং] মাস শেষ, তৎ হিসাব।

অনুপবার—যাহা বৃদ্ধি করে, যে ঔষধে পীড়া বৃদ্ধি হয়

সনৎকুমার—ব্রহ্মার পুত্র, মুনি বিং।

খাসখামার—[যাং]যেজমি প্রজাবিলি ভিন্নপতিতআছে

অজ্ঞাতসার—অসাক্ষাৎ, পরোক্ষ, অদৃশ্য।

রক্তাতিসার—রোগ বিং, রক্ত নির্গমন রোগ।

বিপ্রতিসার--(বিপ্রতীসার)অনুতাপ, পশ্চাৎ তাপ, রোগ

জ্বরাতিসার—জ্বর এবং অতিসার যুক্ত রোগ বিং।

জলানুসার—জলের ন্যায় গমন বা কার্য্য করণ।

সর্ব্বাভিসার—চতুরঙ্গ সৈন্য সমবেত করণ।

লোহাভিসার—অভ্যর্থনা বিং, অস্ত্র মার্জ্জনা ক্র।

খাদিরসার—খয়ের, খদির বৃক্ষের নির্য্যাস।

ইশতাহার—[ইশতিহার] বিজ্ঞাপন পত্র।

ধনাপহার—দোষী ব্যক্তির অর্থ দণ্ড, অপহরণ; লু

পাদপ্রহার—পাদাহতি, লাথি, পদ দ্বারা প্রহার।

তলপ্রহার—চপেটাঘাত, চাপড় মারা।

প্রত্যবহার —প্রলয়, ধ্বংস, বিনাশ।
অভ্যবহার —ভোজন, আহার।
জলবিহার —জলকেলী, জলক্রীড়া।
অভিব্যাহার-পরিস্ফুট বাক্য কথন।
সমভিহার —পৌনঃপুন্য, বারম্বার, আতিশয্য।
লোহাভিহার-অস্ত্র শস্ত্র মার্জ্জনা করা, অভ্যর্থনা বিং।
ত্রিদশাহার —অমৃত, সুধা।
প্রতিসংহার—নিবর্ত্তন, প্রত্যাকর্ষণ, সঙ্কোচ, সমাহার।
অস্থিসংহার—গ্রন্থিবিশিষ্ট বৃক্ষ, হাড় জোড়া।
বেণীসংহার—ভট্ট নারায়ণ কৃত নাটক বিং, বেণী বন্ধন
উপসংহার —বিনাশ, পরিশেষ, সমাপ্তি, সংগ্রহ, আরব্ধ
বা প্রস্তাবিত বিষয়ের শেষ করা।

আর—অন্ত। (৬) ষড়ক্ষর।

কলিফ্লাউয়ার্ —[ইং] ফুল কপি।
চ্যানডিলিয়ার্ —[ইং] ঝাড়, দীপাধার।
মিডলফিংগার্ —[ইং] মধ্যমা অঙ্গুলী।
এক্সপেণ্ডিচার্ —[ইং] খরচ, ব্যয়।
গানপাউডার্ —[ইং] বারুদ।
বুকবাইণ্ডার্ —[ইং] দপ্তরি, জেলেদ কর।
অট্টালিকাকার—রাজ মিস্ত্রী।
উত্তরাধিকার —মৃত ব্যক্তির ধনে অধিকার।
মহাকর্ণিকার —সোঁদালি গাছ, আরগ্বধ বৃক্ষ।

সকারবকার —[দেং] অকথ্য, অপভাষা, অশ্লীলকথন।
শরীরসংস্কার —দেহের পবিত্রতা জনক কর্ম্ম, শরীরের শোভা সম্পাদন ও পরিস্কার করণ।
ষোড়শোপচার—আসন-স্বাগত-পাদ্য-অর্ঘ্য-আচমনীয়-মধুপর্ক-পুনরাচমনীয়-স্নান-বসন-আভরণ-গন্ধ-পুষ্প-ধূপ-দীপ-নৈবেদ্য-চন্দন= এই ১৬ পূজার উপচার।
লোমশমার্জ্জার—গন্ধ বিড়াল, গন্ধগোকুলা, বিড়াল বিং।
দশমাবতার —ভগবানের দশম অবতার=কল্কী।
পুরার্দ্ধবিস্তার —নগরের অংশ, উপনগর।
অকুলপাথার —অগাধ জল, মহা বিপদ্।
তহসীলদার —[যাং] কর সংগ্রাহক।
জীবাজীবাধার—জগৎ, পৃথিবী।
কুলাকুলবার —বুধবার।
অশ্বিনীকুমার —স্বর্গ বৈদ্য, সূর্য্যের যমজ সন্তান দ্বয়।
কর্ম্মব্যতিহার —পরস্পর এক জাতীয় ক্রিয়া করণ।
নিহ্নবাপহার —তহবিল ভাঙ্গন, তহবিল তছরুপ ক্র।
প্রাপ্তব্যবহার —বয়ঃপ্রাপ্ত, সাবালক।
সমভিব্যাহার —সঙ্গ, একত্রাবস্থান।

আর—অন্ত। (৭) সপ্তাক্ষর।

আরথেনওয়ার্ —[ইং] মাটীর বাসন।
ষ্ট্রামোনিফ্লাওয়ার্-[ইং] ধুতুরা ফুল।

ক্যাবিনেটওয়্যার্‌-[ইং] কাষ্ঠের দ্রব্য।

চাইনিসওয়্যার্‌—[ইং] চীনের বাসন।

কনফেকসনার্‌ —[ইং] ময়রা, হালাইকর।

ইনএহুইচ্‌পার্‌ —(ইং) কাণে কাণে কথা, ফুস্‌ ফুস্‌।

রিমেটেণ্টফিভার্‌—[ইং] স্বল্প বিরাম জ্বর।

টাইফয়েড্‌ফিভার্‌-[ইং] সান্নিপাতিক জ্বর।

কণ্টিনিউড্‌ফিভার্‌-[ইং] একজ্বরী।

সরবরাহকার —(যাং) নির্ব্বাহ কর্ত্তা, অধ্যক্ষ।

শঙ্কিতব্যভিচার —যে স্ত্রীর দুশ্চরিত্রতার সন্দেহ করাযায়

অপ্রাপ্তব্যবহার —শিশু, ১৬ বর্ষের অনধিক বয়স্ক।

কুসীদব্যবহার —সুদ কসা, সুদে টাকা ধার-দেওয়া।

আর—অন্ত। (৮) অষ্টাক্ষর।

ফুনারঅরলেটার —[ইং] অগ্র পশ্চাৎ।

পরাবর্ত্ত্যব্যবহার —পুনর্ব্বার বিচারপ্রার্থনা, পুনরাহ্বান

ইণ্টারমিটেণ্টফিভার্‌-[ইং] অবিরাম বা পালা জ্বর।

ইর—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ঈর্‌ —(ধা) প্রেরণ, যাওন-প্রেরণ, উদীরণ, প্রেরক।

তীর্‌ —(ধা) সমাপ্তি-তীরিত, তীর, তীরণ।

বীর্‌ —(ধা) বলিষ্ঠ হওন-বীর, বীরা, বীরণ, করবীর।

কির —যে পোত্র দ্বারা ভূমি খনন করে-শূকর, ছড়ান

কীর —শুক পক্ষী, দেশ বিং, মাংস।

ক্ষীর —দুগ্ধ, জল, আটা, আবর্ত্তিত গাঢ় দুগ্ধ বিং।

গির —বাক্য, সরস্বতী, বচন, কথা।

চির —অনন্তকাল, দীর্ঘকাল স্থায়ী।

চীর —ছিন্ন বস্ত্র খণ্ড, গাছের ছাল, যুদ্ধের পরিচ্ছদ, সীসা, লেখন ভেদ, পরিচ্ছদের প্রান্তভাগ, উচ্চাঙ্গ কীট, ভৃঙ্গারক পোকা, চূড়া, গোস্তন, রেখা বিং

জীর —মসলা বিং, জীরা, অনু, খড়্গ।

তীর —নদ কূল, তট, বাণ, টিন ধাতু, সীসক, রাঙ্গ।

স্থির —স্থায়ী, ধীর, বিশ্বাস যোগ্য, দেবতা, কার্ত্তিকেয়, শনিগ্রহ, বৃষ, পর্ব্বত, বৃক্ষ, মোক্ষ, বৃশ্চিকাদি রাশি

ধীর —ধৈর্য্যশীল, পণ্ডিত, জ্ঞানী বুদ্ধিমান্, দৃঢ় প্রতিজ্ঞ, শান্ত, কুঙ্কুম, বলিরাজা, ঋষভৌষধি, প্রাজ্ঞ, নম্র

নির --নিষেধ, নিশ্চয়, নিঃশেষ, বহিষ্করণ, নির্গমন, নিতান্ত

নীর —যাহা হইতে বাড়বাগ্নি নির্গত হয়, রস, জল।

পীর —(যাং) সোমবার, যবন উপাস্য দেবতা।

ফির —(যাং) ফেরণ, আবার, বার বার।

স্ফির —প্রচুর, বহুল, অনেক, প্রবৃদ্ধ।

বীর —বিক্রম শালী, উশীর, অগ্নের মণ্ড, শ্রেষ্ঠ, কাঁজি, কুলাচার বিং, মরিচ, নল, নড়, শৃঙ্গী, নট, জিন, তান্ত্রিক ভাব বিং, রস বিং, বিষ্ণু, যোদ্ধা, শূর, বিক্রান্ত, তেজস্বী।

মীর —সমুদ্র, পর্ব্বতের এক দেশ, সীমা, পানীয়।

শির —মস্তক, মাথা। (দেং) নাড়ী, ধমনী।

শীর —অজগর সর্প।

পিপ্পলী মূল।

সীর —হল, লাঙ্গল, সূর্য্য।

হীর —মহাদেব, ইন্দ্রের বজ্র, সর্প, হার, সিংহ, হীরক।

শিরঃ —মস্তক, উত্তমাঙ্গ, সৈন্যের অগ্রবর্ত্তী দল, বিছানা

ইর—অন্ত। (৩) ত্র্যক্ষর।

নকির —(যাং) দাগ, চিহ্ন।

ফকীর —(যাং) ভিক্ষুক, দরিদ্র।

ফিকির—(যাং) চিন্তা, উপায়, কল্পনা।

বিকির—পক্ষী, কূপ, খগ, খেচর, কুশ, বিকীরণ, পিণ্ড, পূজাদিতে বিঘ্ন নিবারণার্থ ক্ষেপণীয় তণ্ডুলাদি।

বাক্কীর —শ্যালক, পত্নীর ভ্রাতা।

কিঙ্কির—অশ্ব, গজকুম্ভ, ভ্রমর, কোকিল, মদন।

উৎকির—উৎক্ষেপক।

বিষ্কির—পক্ষী, বিহঙ্গম, খগ, পতত্রী।

খিঙ্খির—শিবের অস্ত্র বিং, খেঁকশিয়ালী, খট্টাঙ্গ।

অগির —স্বর্গ, সূর্য্য, অগ্নি, রাক্ষস, অণ্ডজ।

তগীর —(যাং) বদল, পরিবর্ত্তন, বিনিময়।

অচির —সত্বর, ক্ষিপ্রকারী, শীঘ্র, আশু।

প্রাচীর—ভিত্তি, দেওয়াল, পাঁচীল, বেষ্টন।

মুচির —দানশীল, বদান্য, ধর্ম্ম, বায়ু দেবতা, মেঘ, দাতা

রুচির —সুন্দর, মিষ্ট, মধুর, উজ্জ্বল, মূলক, লবঙ্গ, কুঙ্কুম

সুচির —অতি দীর্ঘকাল, অনেক দিন, দীর্ঘকালস্থায়ী।
অজির —প্রাঙ্গণ ভূমি, বায়ু, শরীর, ভেক, বিষয়, মধ্যদেশ
উজির —(যাং) প্রধান মন্ত্রী।
নজির —(যাং) উদাহরণ।
নাজির —(যাং) পেয়াদার প্রধান।
হাজির —(যাং) উপস্থিত।
আঞ্জির—(যাং) শফরী আম, পেয়ারা, ডুমুর ফল।
জিঞ্জীর —(যাং) শৃঙ্খল, বেড়ী।
মঞ্জীর —চরণাভরণ, নুপুর, মন্থন দণ্ডের বন্ধনস্তম্ভ।
হিঞ্জীর —হস্তীর পাদবন্ধন রজ্জু।
কটীর —জঘন, কন্দর, কটি, কোমর।
কুটীর —(কুটির) ছোটঘর, কুঁড়ে ঘর।
কোটির—ইন্দ্র, ইন্দ্রগোপ কীট, নকুল, নেউল।
কোটীর—কিরীট, মুকুট, জটা, চূড়া।
পটীর —ক্ষেত্র, উচ্চতা, লোচন, চন্দন, মেঘ, বংশ, উদর, মূলক, খদির, বাত রোগ বিং, কন্দর্প, চন্দনবৃক্ষ
শৌটীর —অহঙ্কৃত, গর্ব্বিত, প্রব্রাজক, তপস্বী, সংসার ত্যাগী, বীর, শূর, দাতা, মুক্তহস্ত।
কুডির —পর্ব্বত, শৈল।
টিটির —পক্ষী বিং।
অণ্ডীর —বলবান্ পুরুষ, শক্তি।
আণ্ডীর —অনেক অণ্ডবিশিষ্ট।

কাণ্ডীর —তীরন্দাজ, আপাং গাছ।

কুণ্ডীর —মনুষ্য. বলবান্।

গণ্ডীর —ফল-শাক বিং, যোদ্ধা, বীর, সমঠ।

ডিণ্ডির —[ডিণ্ডীর] মৎস্য বিশেষের অস্থি, সমুদ্র ফেন।

পিণ্ডীর —দাড়িম্ব বৃক্ষ, নীরস।

ভণ্ডির —[ভণ্ডীর] শিরীষ বৃক্ষ, তণ্ডুলী শাক।

ভাণ্ডীর —বট বৃক্ষ, ভাঁইট গাছ।

শৌণ্ডির—[শৌণ্ডীর] দর্পী, অহঙ্কারী, গর্ব্বিত।

প্রতীর —কূল, তীর, তট।

তিত্তির —তিত্তির পক্ষী, মুনি বিং, যজুর্ব্বেদ।

তৈত্তির—তিত্তির পক্ষী, গণ্ডার, তিত্তির পক্ষী সমূহ।

কস্তীর —রঙ্গ, রাঙ্ ধাতু।

রথির —রথী, রথারোহী, রথারূঢ় ব্যক্তি।

অস্থির —অস্থায়ী, নশ্বর, অনিশ্চিত, অধীর, চঞ্চল স্বভাব।

সুস্থির —অতি স্থির, অচঞ্চল, সুস্থ, দৃঢ়, বদ্ধ মূল।

খদির —ইন্দ্র, চন্দ্র, খয়ের, যূপবৃক্ষ।

খাদির —খদির সংক্রান্ত, খদির নির্ম্মিত, খয়ের।

খিদির —চন্দ্র, শশী।

চদির —চন্দ্র, হস্তী, সর্প।

ছিদির —খাঁড়া, কুঠার, রজ্জু, অগ্নি।

ভেদির —ভিদুর, বজ্র।

মদির —রক্ত খদির, মত্ততা জনক, খঞ্জন পক্ষী।

মুদির —মেঘ, জলদ, ভেক, কামুক, লম্পট।

চন্দির —চন্দ্র, হস্তী।

মন্দির —ভবন,আলয়,দেবালয়,নগর, জানুর পশ্চাদ্ভাগ, সমুদ্র, সাগর, গন্ধর্ব্ব বিং।

অধীর —অস্থির, অসহিষ্ণু, ভীত, কাতর, অধৈর্য্য।

বধির —শ্রবণেন্দ্রিয় রহিত, কালা। (দেং) বয়ড়া।

মেধির —ধীমান্, মেধাবী, স্মরণ শক্তিবিশিষ্ট।

রুধির —রক্ত,শোণিত,কুঙ্কুম,রক্তবর্ণ,মঙ্গলগ্রহ,রক্তবর্ণযুক্ত

সুধীর —ধৈর্য্য শীল, শান্ত, বুদ্ধিমান।

তূণীর —বাণ রাখিবার চোঙ্গা, তূণ।

পনীর —সলবণ ছানা, খাদ্য দ্রব্য বিং।

বানীর —বেতস লতা, বেতগাছ, বঞ্জুল।

শণীর —শোণ নদের মধ্যবর্ত্তী ক্ষুদ্র দ্বীপ।

অবীর —দুর্ব্বল।

আবীর —রঞ্জক দ্রব্য বিং, ফাগ।

স্থবির —বৃদ্ধ, জীর্ণ, ব্রহ্মা, বৃদ্ধ ব্যক্তি।

প্রবীর —উত্তম যোদ্ধা, প্রধান, শ্রেষ্ঠ, বিক্রান্ত।

শিবির —সেনা বিং, ছাউনি, পটাবাস, স্কন্ধাবার, শস্য বিং, রাজার বাসস্থান, তাঁবু, সেনানিবেশ।

সৌবীর—সিন্ধু নদের নিকটবর্ত্তী দেশ বিং,বদর,আমানি

তদ্বীর —(যাং) উদ্‌যোগ, উপায়, চেষ্টা।

জম্বির —[জম্বীর, জামির] লেবু।

নির্ব্বীর—বীর শূন্য।

অভির —[আভীর] গোপ, গোয়ালা।

গভীর —অতি নিম্ন, যাহার তল অগাধ।

কুম্ভীর —[কুমীর], জল জন্তু বিং, নক্র।

কৌম্ভীর—কুমীর ও তৎ সদৃশ জীব।

গম্ভীর —গভীর, অগাধ, নিবিড়, স্বর, মন্থর, নিম্ন, পদ্ম, ঋক্ মন্ত্র, জম্বীর, অতলস্পর্শ, পঙ্কজ।

জম্ভীর —বৃক্ষ বিং, জম্বীর, লেবু।

আমীর—[যাং] ধনী অথবা সম্ভ্রান্ত লোক।

তিমির —অন্ধকার, নেত্র রোগ বিং, অন্ধকারময়, অজ্ঞান

শমির —[শমীর] ক্ষুদ্র শমী বৃক্ষ, ছোট শাঁই গাছ।

সমির —[সমীর] বায়ু, বাত, মরুৎ, অনিল, পবন।

কির্ম্মীর—রাক্ষস বিং, নাগরঙ্গ বৃক্ষ, চিত্র ও কর্ব্বুরবর্ণ।

কুরীর —মৈথুন, রমণ।

পরীর —বীজ, ফল।

শরীর —যে রোগাদি দ্বারা জীর্ণ হয়, দেহ, বর্ষ্ম, বিগ্রহ

শারীর —শরীর হইতে জাত, শরীর সম্বন্ধীয়, বেদান্ত সূত্র, জীবাত্মা, ষাঁড়, বৃষ।

কুরির —(কুলীর) কর্কট, কাঁকড়া, চতুর্থ রাশি।

বলির —কেকরাক্ষ, টেরা।

অশির —সূর্য্য, অগ্নি, রাক্ষস, হীরক, বস্ত্র।

আশির—অগ্নি, রাক্ষস।

উশীর —(উষীর) বেণার মূল, গন্ধ তৃণমূল, খশ্‌খশ্‌।

ঔশীর —(ঔষীর) উশীর সংক্রান্ত, চামরদণ্ড, শয়নাসন।

নাসীর—যাহারা সিংহনাদ করে, সেনা মুখ, অগ্রগামী।

বশির —সামুদ্রিক লবণ, করকচ লুন, গজপিপ্পলী, চব্য,
চই, আপাং গাছ, বচা, বচ্‌।

বসির —সাগর লবণ।

শিশির—হিম, তুষার, শীতকাল, শীতল, জড়, ঋতু বিং।

শুষির —রন্ধ্র, স্বচ্ছিদ্র, অবকাশ, অগ্নি, মূষিক, বাদ্যযন্ত্রবিং

শৈশির—শিশির সম্বন্ধীয়, শ্যামবর্ণ চটকপক্ষী।

হিংসীর—ব্যাঘ্র, শার্দ্দুল, খল।

অশ্মীর —পাথরী রোগ।

কশ্মীর —স্বনাম খ্যাত দেশ, কাশ্মীর দেশ।

কাশ্মীর—দেশ বিং, কাশ্মীর দেশীয় রাজা বা অধিবাসী,
কুঙ্কুম, পদ্মের গেঁড়ো, সোহাগা, পুষ্কর মূল।

গোহির—পাদমূল, গোড়ালি।

জাহির —(যাং) প্রকাশ করণ, প্রচার করণ।

বাহির —(দেং) বহির্ভাগ, বহির্দ্দেশ।

মহির —সূর্য্য, তপন।

মাহির —ইন্দ্র, দেবরাজ।

মিহির —সূর্য্য, অর্কবৃক্ষ, মেঘ, বায়ু, চন্দ্র, মুনি বিং, বৃদ্ধ,
বিক্রমাদিত্য রাজার নব রত্নের এক রত্ন।

মুহির —কামদেব, মদন, মূর্খ, প্রেম, প্রণয়, অপণ্ডিত।